



## ইউজিসি আয়োজিত ইনোভেশন শোকেসিং শীর্ষক এক কর্মশালায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় চ্যাম্পিয়ন



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) কর্তৃক আয়োজিত “Workshop on Innovation Showcasing of the Public Universities as Part of Implementation of e-Governance and Innovation Work Plan 2023-2024” এ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। এই উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বিষয়ক ফোকাল পয়েন্ট ও সিএসই বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ জুলফিকার মাহমুদের নেতৃত্বে চ্যাম্পিয়ন দল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম এবং ট্রেজারার অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী-এর সাথে শুভেচ্ছা বিনিময় করেন।  
উল্লেখ্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন অডিটোরিয়ামে দুইদিন ব্যাপি (১৭ ও ১৮ ফেব্রুয়ারি ২০২৪) ইনোভেশন শোকেসিং শীর্ষক এক কর্মশালার আয়োজন করা হয়। যেখানে সারা বাংলাদেশ থেকে ৫২ টি বিশ্ববিদ্যালয়ের



প্রতিনিধি তাদের বিভিন্ন উদ্ভাবনীমূলক আইডিয়া নিয়ে অংশগ্রহণ করে। কর্মশালায় শ্রেষ্ঠ উদ্ভাবনীমূলক আইডিয়ার জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট) এবং ঢাকা বিশ্ববিদ্যালয় যৌথভাবে প্রথম রানার-আপ নির্বাচিত হয় এবং একইসাথে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয় দ্বিতীয় রানার-আপ হিসেবে নির্বাচিত হয়।

উক্ত কর্মশালায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে নেতৃত্ব দেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ই-গভর্নেন্স এন্ড ইনোভেশন ফোকাল পয়েন্ট এবং কম্পিউটার বিজ্ঞান এবং প্রকৌশল বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো: জুলফিকার মাহমুদ। ইনোভেটর হিসাবে ছিলেন সিএসই বিভাগের শিক্ষার্থী মো: মাহাদি হাসান, নিশাত মাহমুদ এবং মো: ওয়ালিউল ইসলাম রায়হান।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উদ্ভাবনী আইডিয়ার শিরোনাম ছিলো “স্মার্ট সিটি গড়ে তোলার লক্ষ্যে পয়েন্ট অবসেল (পিওএস) মেশিন ব্যবহার করে আরএফআইডি কার্ড ভিত্তিক গণপরিবহন ব্যবস্থা”।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



এই প্রকল্পটি একটি আরএফআইডি কার্ড ভিত্তিক ই-টিকিটিং সিস্টেম যা ডিজিটাল ওয়ালেট, মোবাইল ব্যাংকিং এবং জিপিএস ট্র্যাকিং ব্যবহার করে গণপরিবহন পরিষেবা প্রদান করে থাকে। এর লক্ষ্য হলো বাসভাড়া এবং বিদ্যমান ব্যবস্থাপনাকে আধুনিকায়ন করে গণপরিবহন ব্যবস্থার সমস্যাগুলো সমাধান করা। এটি জিপিএস অবস্থানের উপর ভিত্তি করে বাস ভাড়া নির্ধারণ করে, যা যাত্রীরা ডিজিটালি পরিশোধ করতে পারেন।